# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 16 April, 2025

জাতীয় নির্বাচনের সুনির্দিষ্ট রোডম্যাপের জন্য অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে বসেছেন বিএনপি মহাসচিবসহ দলের বেশ কয়েকজন নেতা।

বুধবার (১৬ এপ্রিল) দুপুর সোয়া ১২টার দিকে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় এ বৈঠক শুরু হয়েছে।

এ বৈঠকে বিএনপির পক্ষ থেকে রয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য জমির উদ্দিন সরকার, মির্জা আব্বাস, আমীর খসরু মাহমুদ চৌধুরী, নজরুল ইসলাম খান, সালাহউদ্দিন আহমেদ, ইকবাল হাসান মাহমুদ টুকু।

তবে প্রধান উপদেষ্টা ছাড়া সরকারের পক্ষ থেকে কারা কারা আছেন এ বৈঠকে সেটা এখনও জানা যায়নি।

জাতীয় নির্বাচন অন্তর্বর্তীকালীন সরকার প্রধান উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:04

URL: https://www.timestodaybd.com/national/886775807